**পরিসংখ্যান বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা**

এসটিডি সার্কুলার লেটার নং- ০৩ তারিখঃ অক্টোবর ১৫, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক সমূহ
এবং তাদের অফসোর ব্যাংকিং ইউনিট সমূহ

**বিষয়ঃ প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ (FDI),বেসরকারী খাতে বহিঃঋণ (PSED) এবং পোর্টফোলিও বিনিয়োগ (PI) রিটার্ণ সমূহ নির্ধারিত ফরম (FI-1, FI-2, ED-1, ED-2, STED & PI)/ RIT অনুযায়ী মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে দাখিল প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত এসটিডি সার্কুলার নং-৩, তারিখঃ মে ১২, ২০১৪, অনুচ্ছেদ ৩.১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক বাংলাদেশের অন্তর্মূখী প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ (Inward Foreign Direct Investment) এর রিটার্ণ (Form FI-1) ও সংশ্লিষ্ট Rationalised Input Templates (RITs) দাখিলের সময়সীমা সংক্রান্ত নির্দেশনার ব্যাখ্যা নিম্নরূপঃ

**" সকল FDI গ্রহনকারী প্রতিষ্ঠান (১০০% বিদেশী ও যৌথ মালিকানাধীন) কর্তৃক যথাযথভাবে পূরণকৃত FDI রিপোর্টিং ফরম** (Form FI-1) **সংশ্লিষ্ট সহায়ক দলিলাদি (রিপোর্টিং সংশ্লিষ্ট ত্রৈমাসিকের নিরীক্ষিত/অনিরীক্ষিত আর্থিক বিবরণী, অন্তর্মূখী ও বহির্মূখী রেমিটেন্সের দলিলাদি ইত্যাদি) সহ প্রতি ত্রৈমাসিকের পরবর্তী ১(এক) মাসের মধ্যে তাদের সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংকে (রিপোর্টিং ব্যাংক) দাখিল করতে হবে।**

**অনুমোদিত ডিলার ব্যাংক (রিপোর্টিং ব্যাংক) তাদের FDI গ্রহনকারী গ্রাহক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত FDI রিপোর্টিং ফরম** (Form FI-1) **যাচাই বাছাই পূর্বক যথাযথভাবে অন্তর্মূখী প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ** (Inward Foreign Direct Investment) **সংশ্লিষ্ট** Rationalised Input Templates (RITs) **পূরণপূর্বক তা Web Portal এর মাধ্যমে প্রতি ত্রৈমাসিকের পরবর্তী ১(এক) মাস ১৫ (পনের) দিনের মধ্যে FDI রিপোর্টিং ফরম এর hard copy সহ বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।"**

উপরোল্লিখিত এসটিডি সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

বিষয়টি সকল পক্ষকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত

(মৃনাল কান্তি সরকার)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩৪